



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৬ মার্চ, ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ৬ মার্চ, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিকাল ৪:৩০ মিনিটে ২দিনব্যাপি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর পুরস্কার বিতরণ করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষার্থীদেরকে খেলাধুলায় উৎসাহিত করে। কারণ খেলাধুলা মনকে প্রফুল্ল ও সতেজ রাখে যা তাদের শিক্ষাজীবনের জন্য অপরিহার্য। শিক্ষার্থীদের জন্য খেলাধুলার সুযোগ সুবিধা বৃদ্ধি করার লক্ষ্যে অচিরেই ক্যাম্পাসে আধুনিক ইনডোর স্টেডিয়াম প্রতিষ্ঠা করা হবে এবং প্রতিবন্ধীদের জন্য আগামী বার্ষিক ক্রীড়ায় বিশেষ ইভেন্টের ব্যবস্থা করা হবে।

সুন্দর ও সুষ্ঠুভাবে বার্ষিক ক্রীড়া সম্পন্ন হওয়ায় ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন খেলাধুলা ও ক্রীড়া উপকমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার এবং শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম। এতে শুভেচ্ছা বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ-বিন-আমিয়া। অনুষ্ঠান সঞ্চালনা করেন শারীরিক শিক্ষা দপ্তরের উপপরিচালক জনাব মেহের আফরোজ।

উল্লেখ্য, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর ছাত্রদের মধ্য থেকে পিএমই বিভাগের শিক্ষার্থী মেহেদী হাসান রিজভী এবং ছাত্রীদের মধ্য থেকে অর্থনীতি বিভাগের শিক্ষার্থী মাহফুজা তানিয়া চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার